জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

সূত্র: জাতীঃবিঃ/প্রশিক্ষণ/সিইডিপি/বিভিপ্র/আইসিটি/সক্ষমতা/২৭/২০২১/২৯/২৩৪০ তারিখ: ০৩/০১/২০২৩

কলেজ শিক্ষকগণের বিষয়ভিত্তিক অনলাইন প্রশিক্ষণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট (সিইডিপি)-র আওতায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত বিষয়ভিত্তিক শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম কোভিড-১৯ বিশেষ পরিস্থিতিতে অনলাইনে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। **সিইডিপি-২৯তম (অনলাইন-১৭) ব্যাচে বাংলা, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইতিহাস এবং অর্থনীতি** বিষয়ের প্রশিক্ষণ ২০২৩ সালের ফেব্রুয়ারি-মার্চ মাসে অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে বাংলা এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের আইসিটি সক্ষমতা যাচাই হয়েছে। অনলাইনে অনুষ্ঠিতব্য এই প্রশিক্ষণ কার্যকর ও সফলভাবে সম্পন্নের নিমিত্তে সম্ভাব্য ইতিহাস ও অর্থনীতি বিষয়ের প্রশিক্ষণার্থীদের আইসিটি সক্ষমতা যাচাই এর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আইসিটি সক্ষমতা যাচাই এর জন্য একটি প্রশ্নমালা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেয়া আছে। অনলাইন প্রশিক্ষণে মনোনয়ন প্রত্যাশী স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কলেজ পর্যায়ে পাঠদানকারী শিক্ষকগণকে উক্ত প্রশ্নমালা সঠিকভাবে পূরণ করে প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।

** আইসিটি সক্ষমতা বিষয়ক তথ্য প্রেরণের সময়সীমা: **০৪/০১/২০২৩ থেকে ১৫/০১/২০২৩** ।
** সার্ভার/নেটওয়ার্ক জটিলতা এড়াতে যত দ্রুত সম্ভব আইসিটি সক্ষমতা বিষয়ক প্রশ্নমালা পূরণ করার জন্য অনুরোধ করা হলো।

নির্দেশক্রমে,

০৩/০১/২০২৩
(মো: হাছানুর রহমান)
পরিচালক
শিক্ষক প্রশিক্ষণ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
ইমেইল : ttnubd@gmail.com
শিক্ষক প্রশিক্ষণ অফিসিয়াল ফেসবুক পেজ: http://www.facebook.com/ttnubdOfficial
শিক্ষক প্রশিক্ষণ (টিটিআইএস) তথ্য ও পরামর্শ (অফিস সময়): ০১৯১৫৭২৬৫৭৬, ইমেইল (যেকোন সময়): ttis.ttnubd@gmail.com

প্রশ্নমালা পূরণের নিয়মাবলী:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রবেশ করুন, এরপর ট্রেনিং মেন্যুতে টিটিআইএস সফটওয়্যার লগইন পেজে উন্মুক্ত করা **IT CAPABILITY QUESTIONNAIRE LINK**-এ ক্লিক করুন। আপনার কলেজের ঠিকানা (বিভাগ ও জেলা), কলেজের নাম, বিষয় ও আপনার নাম সিলেক্ট করুন এবং এরপর **GO TO QUESTIONNAIRE** অপশনে ক্লিক করলে একটি প্রশ্নমালা আসবে। প্রতিটি প্রশ্ন (অনুগ্রহপূর্বক আপনার সক্ষমতার সঠিক তথ্য প্রদান করার জন্য অনুরোধ করা হলো) পূরণ করে **SUBMIT QUESTIONNAIRE ANSWER** বাটনে ক্লিক করুন, এরপরে **ACTION PROCESSED** লেখা আসলে আপনার প্রেরিত তথ্য **টিটিআইএস অনলাইন ডাটাবেজে** চলে আসবে। উল্লেখ্য, প্রশ্নমালা পূরণের জন্য কলেজের কোন প্রকার পাসওয়ার্ড প্রয়োজন হবে না।

(বি.দ্র.: সার্ভে প্রশ্নমালার উত্তর একবারই প্রেরণ করতে পারবেন, একাধিকবার সাবমিট/মোডিফাই করার সুযোগ নেই)

আইসিটি সক্ষমতা যাচাই লিংক:

(TTIS QUICK LINK: **SCAN QR CODE**
and
NU WEBSITE LINK/URL: https://www.nu.ac.bd

সূত্র: জাতীঃবিঃ/প্রশিক্ষণ/সিইডিপি/বিভিপ্র/আইসিটি/সক্ষমতা/২৭/২০২১/২৯/২৩৪০ তারিখ: ০৩/০১/২০২৩
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
২. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. অফিস কপি

০৩/০১/২০২৩
মোছা: সালমা পারভীন
উপ-পরিচালক
শিক্ষক প্রশিক্ষণ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়

SCAN THIS CODE :
OFFICIAL FACEBOOK
TEACHERS TRAINING FANPAGE

LIKE FANPAGE
&
QUICK LOGIN
TTIS

SCAN THIS CODE :
TTIS-TEACHERS TRAINING INFORMATION
SYSTEM LOGIN PAGE